

তারিখ: ২০.০২.২০১৭

বার্তা সম্পাদক সমীক্ষা

সংবাদপত্রে প্রকাশার্থে

দৈনিক/সাংগ্রাহিক/পার্শ্বিক/বিটিভি/চ্যানেল আই/বাসস/ইউএনবি/বিবিসি বাংলাদেশ/ভয়েস অব আমেরিকা/
তারা বাংলা/বাংলাদেশ বেতার/এনটিভি/এটিএন বাংলা।

বিষয়: জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের নাট্যকলা বিভাগের চেয়ারম্যান ড. মোঃ আব্দুল হালিম প্রামাণিক (সম্মাট) কর্তৃক উক্ত
বিভাগের এক ছাত্রীকে যৌন হয়রানির ঘটনায় গভীর উদ্বেগ ও ক্ষোভ প্রকাশ করে ঘটনার সাথে জড়িতের
বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থাপদ্ধতিসহ সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্ত সাপেক্ষে যথাযথ শাস্তির লক্ষ্যে ব্যবস্থা গ্রহণ এবং
নির্যাতনের শিকার ছাত্রীসহ সকল ছাত্রীর নিরাপত্তা নিশ্চিতকরণের বিষয়ে বাংলাদেশ মহিলা পরিষদের বিবৃতি।

অদ্য ২০.০২.২০১৭ তারিখ বিভিন্ন দৈনিক পত্রিকায় প্রকাশিত সংবাদ মাধ্যমে জানতে পারি যে, জগন্নাথ
বিশ্ববিদ্যালয়ের নাট্যকলা বিভাগের চেয়ারম্যান ড. মোঃ আব্দুল হালিম প্রামাণিক (সম্মাট) কর্তৃক উক্ত বিভাগের এক
ছাত্রীকে যৌন হয়রানির ঘটনা ঘটেছে। জানা যায়, গত ১৫.০২.২০১৭ তারিখ বিভাগীয় চেয়ারম্যান আব্দুল হালিম
প্রামাণিক মুঠোফোনে ক্লাসের কথা বলে নির্যাতনের শিকার ছাত্রীকে বিকেল ৫টার দিকে বিভাগে আসতে বলে। এসময়
শিক্ষক আব্দুল হালিম উক্ত ছাত্রীকে পাশের কক্ষে নিয়ে গিয়ে যৌন হয়রানি করে এবং বিষয়টি না জানানোর জন্য
নির্যাতনের শিকার ছাত্রীকে হৃতকি দেয়।

বাংলাদেশ মহিলা পরিষদ জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের নাট্যকলা বিভাগের চেয়ারম্যান ড. মোঃ আব্দুল হালিম প্রামাণিক
(সম্মাট) কর্তৃক উক্ত বিভাগের এক ছাত্রীকে যৌন হয়রানির ঘটনায় গভীর উদ্বেগ ও ক্ষোভ প্রকাশ করছে। ঘটনার সাথে
জড়িতের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থাপদ্ধতিসহ সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্ত সাপেক্ষে যথাযথ শাস্তির লক্ষ্যে ব্যবস্থাপনার
আবেদন জানাচ্ছে। নির্যাতনের শিকার ছাত্রীসহ সকল ছাত্রীদের নিরাপত্তা নিশ্চিতকরণের বিষয়ে অনুরোধ জানাচ্ছে।
সেই সাথে যৌননির্পীড়ন ও উন্ন্যতকরণের ঘটনা প্রতিরোধে মহামান্য হাইকোর্ট বিভাগের রায়ের আলোকে পৃথক আইন
প্রণয়নসহ এ ধরণের ঘটনার পুণরাবৃত্তিরোধে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট প্রশাসনের নিকট
জোর দাবি জানাচ্ছে।

বিবৃতিতে স্বাক্ষর করেন-

আয়শা খানম

সভাপতি

বাংলাদেশ মহিলা পরিষদ

মালেকা বানু

সাধারণ সম্পাদক

বাংলাদেশ মহিলা পরিষদ